গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
www.fgc.gov.bd

স্মারক নং-ফেসক/২০২৫/৩৬ তারিখ : ০৪/০৯/২০২৫ খ্রি.

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্ধারিত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালে ফেনী সরকারি কলেজে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইনে ভর্তি কার্যক্রমের রেজিস্ট্রেশন আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত website (www.nu.edu.bd/admissions) থেকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত প্রোগ্রামে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ/নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম জমা দিতে হবে।

**১। আবেদনের যোগ্যতা:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। **নির্ধারিত বিষয়সমূহ:** বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়সমূহে আবেদন করা যাবে।

**৩। প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচি:**

ক. মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীকে ০৪/০৯/২০২৫ খ্রি. বিকাল ৪.০০ টা থেকে ১৮/০৯/২০২৫ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে ফরমপূরণ করতে হবে।

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েবসাইট হতে ১৮/০৯/২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম, আবেদন ফি জমাদানের স্লিপ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ কলেজ অফিসে মাস্টার্স শাখায় জমা দিতে হবে। কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ফরম জমা না দিলে কলেজ কর্তৃক নিশ্চায়ন করা হবে না এবং রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হবে না।

৪। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি: ১৮৭০/-
আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি জমাদান পদ্ধতি:
https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Application?eiin=106642

**** ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেক্ট করে ভর্তি ফরমের রোল নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। অপশান লগ ইন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ভর্তির ফি জমা দিয়ে প্রিন্ট কপি ডাউনলোড করতে হবে এবং ডাউনলোডকৃত কপি ভর্তি ফরম এর সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

৫। ক. স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/ সাময়িক সনদ ও নম্বরপত্রের ফটোকপি
খ. স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি
গ. প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র
ঘ. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ১টি

৬। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) বছর। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা যাবে না।

৭। সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল বলে গণ্য হবে।

**আবেদন ফরম জমাদানের স্থান :** কলেজ প্রশাসনিক ভবন এর নিচ তলায় **১০০১** নং কক্ষ মাস্টার্স শাখা
ফরম জমাদানের শেষ তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রি. দুপুর ১২.০০ টা পর্যন্ত

**বিশেষ দ্রষ্টব্য :** আগামী ১৮/০৯/২০২৫ খ্রি. তারিখ এর মধ্যে কলেজ অফিসে আবেদন ফরম ও টাকা জমাদানের স্লিপ জমা দিতে ব্যর্থ হলে রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য করা হবে।

০৪/০৯/২৫
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী